

দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য প্রয়োজন কারিগরি শিক্ষা



বাংলাদেশকে উন্নত দেশে পরিনত করতে হলে কারিগরি শিক্ষার একান্ত প্রয়োজন। বিশ্বের অনেক দেশই কারিগরি শিক্ষায় দক্ষ হওয়ার কারণে উন্নতি এবং অর্থনৈতিকভাবে সমৃদ্ধি লাভ করেছে। তাই আমাদের ভবিষ্যৎ প্রজন্মের উদ্ভাবনী শক্তির বিকাশে জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার প্রয়োজন। এর মাধ্যমে প্রয়োজন মানবসম্পদ, প্রাকৃতিক সম্পদ ও অন্যান্য সম্পদের দক্ষতা বাড়িয়ে দারিদ্র বিমোচন, ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা। এ লক্ষ্যে পৌঁছতে হলে কারিগরি শিক্ষার হার বৃদ্ধির কোনো বিকল্প নেই।